# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**24 SEPTEMBER 2025** **7:45—7:55 PM**

---

(১) জনপ্রিয় শিল্পী জুবিন গার্গের অকাল মৃত্যুর ঘটনার তদন্তের জন্য রাজ্যসরকারের একটি এস আই টি গঠনের সিদ্ধান্ত ।

(২) ব্যাবসায়ী শ্যামকানু মহন্ত এবং তাঁর সঙ্গে জড়িত যেকোনো সংগঠন বা সংস্থার রাজ্যের মধ্যে কোনো ধরণের অনুষ্ঠান বা উৎসব আয়োজন করার ওপর নিষেধাজ্ঞা ।

(৩) প্রধানমন্ত্রী আবাস যোজনা গ্রামীণের অধীনে এপর্যন্ত দেশে দুই কোটি ৮২ লক্ষেরও অধিক গৃহের নির্মাণকার্য সম্পূর্ণ

এবং

(৪) ধলাই থানার অধীন ধলাখাল সীমান্ত আউটপোস্ট এলাকা থেকে কাছাড় পুলিশের ৯০ কোটি টাকা মূল্যের তিন লক্ষ ইয়াবা ট্যাবলেট বাজেয়াপ্ত ।

---------------------------------------------------------------------------------------

জনপ্রিয় শিল্পী জুবিন গার্গের অকাল মৃত্যুর ঘটনার তদন্তের জন্য আসাম সরকার এক বিশেষ অনুসন্ধানকারী গোষ্ঠি ( এস আই টি ) গঠন করার সিদ্ধান্ত গ্রহণ করেছে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আজ সামাজিক মাধ্যমে এই কথা জানান । জুবিন গার্গের মৃত্যুর সঙ্গে জড়িত কোন লোককে রেহাই দেওয়া হবেনা বলে তিনি স্পষ্ট করে দেন । মুখ্যমন্ত্রী আজ বিকেলে আসাম পুলিশের অপরাধ অনুসন্ধান শাখার শীর্ষ আধিকারীকদের সঙ্গেও এক গুরুত্বপূর্ণ বৈঠকে মিলিত হন ।বৈঠকের পর তিনি পুলিশ সঞ্চালক প্রধানকে তদন্তের জন্য এস আই টি গঠন করার নির্দেশ দেন । তদন্তের ক্ষেত্রে এস আই টি সম্পূর্ণ স্বাধীনতা লাভ করবে বলে মুখ্যমন্ত্রী জানান । প্রয়াত শিল্পীর দ্বিতীয় মরণোত্তর পরীক্ষার সময় সংগ্রহ করা ভিসারা নতুনদিল্লীর কেন্দ্রীয় ফরেন্সিক গবেষণাগারে পরীক্ষার

জন্য প্রেরণ করা হবে বলে মুখ্যমন্ত্রী জানান । উল্লেখ্য জুবিন গার্গের অস্বাভাবিক মৃত্যুর উচ্চ পর্যায়ের তদন্তের জন্য সারা আসাম ছাত্রসংস্থা সহ বেশ কয়েকটি দল সংগঠন এবং ব্যাক্তি দাবী জানিয়েছে ।এদিকে জুবিন গার্গের সিঙ্গাপুরে অস্বাভাবিক মৃত্যুর ঘটনার তদন্ত চেয়ে একজন আইনজীবীর দাখিল করা জনস্বার্থ জড়িত আবেদন আজ গৌহাটী হাইকোর্ট গ্রহণ করেছে ।

-----------------------------------------------------------------------------------

আসাম সরকার ব্যবসায়ী তথা নিজেকে সাংস্কৃতিক কর্মী বলে দাবী করা শ্যামকানু মহন্ত এবং তার সঙ্গে জড়িত যেকোন সংগঠন বা সংস্থার রাজ্যর মধ্যে কোনধরণের অনুষ্ঠান বা উৎসব আয়োজন করার ক্ষেত্রে নিষেধাজ্ঞা আরোপ করেছে । এছাড়া রাজ্য সরকার শ্যামকানু মহন্তের সঙ্গে জড়িত কোন অনুষ্ঠানকে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোনধরণের আর্থিক অনুদান , বিজ্ঞাপন প্রদান করবেনা বা পৃষ্টপোষকতা করবেনা । রাজ্যসরকার কেন্দ্রীয় সরকারকেও এই বিষয়ে অনুরোধ জানাবে ।মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা আজ সামাজিক মাধ্যমে একথা জানান । উল্লেখ্য আসামের জনসাধারণের প্রাণের শিল্পী জুবিন গার্গকে সিঙ্গাপুরে আয়োজিত নর্থইষ্ট ফেষ্টিভেলে আমন্ত্রন করে নিয়ে যাওয়া এবং সিঙ্গাপুরের সাগরের জলে ডুবে জুবিন গার্গের মৃত্যুর ঘটনা সম্পর্কে পরবর্তীতে কিছু আপত্তিজনক মন্তব্য করার পরিপ্রেক্ষিতে তার বিরুদ্ধে সমগ্র আসামে তীব্র ক্ষোভের সৃষ্টি হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু ভারতের ক্রমশ বিকশিত অর্থনীতি সহ সাংস্কৃতিক শক্তি হিসেবে দেশের পরিচয় শক্তিশালী করে তোলার জন্য সম্মিলিত প্রয়াসের ওপর গুরুত্ব আরোপ করেছেন । আজ নতুন দিল্লীর ললিতকলা একাডেমীতে ৬৪ তম জাতীয় কলা প্রদর্শনী উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে অংশগ্রহণ করে ভাষণ প্রসঙ্গে রাষ্ট্রপতি সাংস্কৃতিক ঐতিহ্যকে সমৃদ্ধশালী করে তোলা এবং সমাজকে অধিক সংবেদনশীল করে তোলার জন্য কলাসংস্কৃতি এক শক্তিশালী মাধ্যম বলে মন্তব্য করেন ।ভারতীয় কলা সংস্কৃতি ক্রমশ উন্নত হচ্ছে এবং এক নতুন উচ্চতা লাভ করছে বলে তিনি মত প্রকাশ করেন । ললিত কলা একাডেমী চলতি বছরে শিল্পীদের শিল্পকর্ম বিক্রয় করার জন্য ব্যবস্থা গ্রহণ করায় তিনি সন্তোষ প্রকাশ করেছেন । তিনি বলেন যে এধরণের পদক্ষেপের মাধ্যমে শিল্পীদের অর্থিক স্থিতি উন্নত হওয়া সহ এই ব্যবস্থা দেশের সৃষ্টিশীল অর্থনীতিকে শক্তিশালী করে তুলবে ।

-----------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী প্রধানমন্ত্রীর স্মৃতিচিহ্নের ই-নিলাম ব্যবস্থার সপ্তম সংস্করণে সক্রিয়ভাবে অংশগ্রহণ করতে নাগরিকদের আহ্বান জানিয়েছেন । উল্লেখ্য পি এম মেমেন্টোস ডট জি ও ভি ডট ইন ওয়েব সাইটের মাধ্যমে চলতি এই ই-নিলাম ব্যবস্থার আগামী দোসরা অক্টোবর সমাপ্তি হবে । সামাজিক মাধ্যমে এক বার্তায় শ্রী মোদী বলেন যে এধরণের নিলাম করা সামগ্রীসমূহের মধ্যে দেশের সংস্কৃতি ও সৃষ্টিশীলতার নিদর্শন তুলে ধরা বেশকিছু আকর্ষণীয় সামগ্রীও রয়েছে । উল্লেখ্য চলতি বর্ষে এই ই-নিলাম ব্যবস্থায় অর্ন্তভুক্ত করা সামগ্রীসমূহের মধ্যে দেশের বিভিন্ন স্থানের এক হাজার তিনশটিরও অধিক একক পরিচয়ের সামগ্রী স্থান লাভ করেছে । এই নিলাম ব্যবস্থার মাধ্যমে সংগ্রহ করা অর্থ #নমামী গংগে প্রকল্পের # নামে ব্যয় করা হবে ।

-----------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী আবাস যোজনা গ্রামীণের অধীনে এপর্যন্ত দেশে দুই কোটি ৮২ লক্ষেরও অধিক গৃহের নির্মাণকার্য সম্পূর্ণ হয়েছে । কেন্দ্রীয় সরকার একথা জানিয়ে বলেছে যে গ্রামাঞ্চলে সকলর জন্য গৃহের ব্যাবস্থা করার উদ্দেশ্যে ২০১৬ সালে এই প্রকল্প আরম্ভ করা হয়েছিলো । এই প্রকল্পের অধীনে গ্রামীণ এলাকায় বসবাস করা যোগ্যতাসম্পন্ন প্রতিটি পরিবারের জন্য মৌলিক সুযোগ সুবিধাসম্পন্ন পাকাঘর নির্মাণের ক্ষেত্রে সহায়তা প্রদানের ব্যাবস্থা করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

কাছাড় পুলিশ গোপন সুত্রের খবরের ভিত্তিতে গতকাল রাতে ধলাই থানার অর্ন্তগত ধলাখাল সীমান্ত আউট পোষ্টের সম্মুখে বিশেষ অভিযান চালিয়ে একটি গাড়ি থেকে ৩০টি পেকেটে থাকা তিন লক্ষ ইয়াবা ট্যাবলেট জব্দ করেছে । পুলিশ ঘটনার সঙ্গে যুক্ত থাকার অভিযোগে দুজন ব্যাক্তিকে আটক করেছে । আটক ব্যাক্তিরা হচ্ছে মণিপুরের বাসিন্দা চেমুয়েল লুংডিম এবং এন্ডি কুকি । পুলিশ জানিয়েছে জব্দ করা নেশা জাতীয় সামগ্রীর বাজার মূল্য প্রায় ৯০ কোটী টাকা হবে । প্রাথমিক তদন্তে জানা গেছে মণিপুরের চূড়াচান্দপুর থেকে নেশা জাতীয় সামগ্রীগুলি সরবরাহ করা হয়েছে ।

এ বিষয়ে পুলিশ সুপার নোমাল মাহাতো আরো জানান যে ----

বাইট

-----------------------------------------------------------------------------------

শিলচর গুরুচরন বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে আজ বিশ্ববিদ্যালয়ের সভাকক্ষে সদ্য প্রয়াত সঙ্গীত শিল্পী জুবিন গর্গকে স্মরন করে একটি স্মৃতিচারন সভা অনুষ্ঠিত হয়েছে । প্রথমে প্রয়াত শিল্পীর প্রতিকৃতিতে শ্রদ্ধা জানানো হয় । স্মৃতিচারন করতে গিয়ে উপাচার্য্য অধ্যাপক নিরঞ্জন রায় বলেন যে জুবিন গর্গের জীবন ও আর্দশ নিয়ে বিশ্ববিদ্যালয় ও মহাবিদ্যালয়ে সেমিনার আয়োজন করা উচিত । জুবিন গর্গের অকাল প্রয়ানে এবছর বিশ্ববিদ্যালয়ে শারদ উৎসব পালিত হবে না বলে উপাচার্য্য অধ্যাপক রায় জানিয়েছেন । এছাড়া জুবিন গর্গের জীবনের বিভিন্ন দিক নিয়ে অসম সাহিত্য সভার কাছাড় জেলার সভাপতি অধ্যাপক ডক্টর যোগেশ্বর বর্মন , নিবন্ধক ডক্টর বিদ্যুৎ কান্তি পাল প্রমূখ বক্তব্য রাখেন ।

---------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার বিভিন্ন সামাজিক-সাংস্কৃতিক সংস্থা এবং স্থানীয় বাসিন্দাদের পক্ষ থেকে আজ জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদীর সঙ্গে সাক্ষাৎ করে শ্রীভূমি শহরের হাটমেন্ট রোডের ম্যাজিস্ট্রেট কোয়াটারে শৈশব কাটানো সদ্য প্রয়াত সঙ্গীত শিল্পী জুবিন গর্গের স্মৃতি স্তম্ভ নির্মান , একটি সংগ্রহশালা এবং হাটমেন্ট রোডকে জুবিন সরনী নামে নামাঙ্কিত করার দাবী জানিয়ে একটি স্মারক পত্র প্রদান করা হয়েছে । স্মারক পত্রের প্রতিলিপি রাজ্যের মূখ্যমন্ত্রীর উদ্দেশ্যেও পাঠানো হয়েছে । স্মারক পত্র প্রদানকালে প্রতিনিধি দলে পৌর কমিশনার বর্নালী দত্ত , স্থানীয় বাসিন্দা ইন্দুপ্রভা দাস , অনুপম দাস চৌধুরী প্রমূখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

কাছাড় পুলিশ আসন্ন শারদীয় দূর্গোৎসবে শহরে শান্তি-শৃঙ্খলা বজায় রাখা এবং মহিলাদের নিরাপত্তা নিশ্চিত করতে বিশেষ উদ্যোগ নিয়েছে । প্রতিবছরের মতো এবারও ৫০ জন পুলিশ কর্মীর সমন্বয়ে বিশেষ অ্যান্টি রোমিও স্কোয়াড গঠন করা হয়েছে । গত একমাস ধরে বিশেষ প্রশিক্ষণ গ্রহণ করা এই পুলিশ বাহিনী আজ শিলচরে মহড়া প্রদর্শন করেন । এসম্পর্কে বক্তব্য রাখতে গিয়ে জেলার পুলিশ সুপার নোমাল মাহাত্তা বলে যে পূজোর দিনগুলিতে অ্যান্টি রোমিও স্কোয়াড শহরের সব জায়গায় নজর রাখবে । নারী ও শিশুদের নিরাপত্তা নিশ্চিত করাই এই বাহিনীর মূল লক্ষ্য বলে উল্লেখ করে তিনি আরো বলেন যে পূজোর সময় যদি কোনো ব্যাক্তি শহরে অশান্তি সৃষ্টি করার চেষ্টা করে তবে অ্যান্টি রোমিও স্কোয়াড দ্রুত ঘটনাস্থলে পৌঁছে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে ।

---------------------------------------------------------------------------------------

শিলচরের ঐতিহ্যবাহী শ্যামাপ্রসাদ রোড দূর্গা পূজা কমিটি এবার তাদের ৫৬ তম বর্ষে বর্জ্য পদার্থ পুর্নব্যবহারের গুরুত্ব তুলে ধরতে থিম-ভিত্তিক পরিবেশবান্ধব পূজো মন্ডপ তৈরী করছে । ৭২ ফুট উঁচু এই পূজো প্যান্ডেল তৈরী হচ্ছে প্লাস্টিক বোতল , কাপ ,কাপড় ও সি ডি ক্যাসেটের মতো ফেলে দেওয়া সামগ্রী দিয়ে । শুধু প্যান্ডেল নয় প্রতিমাতেও থাকবে বাড়তি আকর্ষণ । ১৮ ফুট উঁচু দূর্গা প্রতিমা ইটালিয়ান ক্রিস্টাল কাঁচ দিয়ে সাজানো হবে । স্থানীয় শিল্পী শুভজিত পাল এই প্রতিমা নির্মাণ করছেন ।

--------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায় আসন্ন দূর্গা পূজা শান্তিপূর্নভাবে সম্পন্ন করতে জেলা প্রশাসনের উদ্যোগে জেলা আয়ুক্তের কার্য্যলয়ে একটি কন্ট্রল রুম খোলা হয়েছে যা ২৪ ঘন্টা খোলা থাকবে । এই কন্ট্রল রুমের টেলিফোন নম্বরটি হচ্ছে-০৩৮৪৪-২৮০০০০ এবং টোল ফ্রি নম্বর হচ্ছে- ১০৭৭ । জনসাধারনকে আইন-শৃংখলা জনিত সমস্যার জন্য প্রয়োজনে এই নম্বরে যোগাযোগ করতে বলা হয়েছে । এদিকে জেলা প্রশাসন থেকে পূজা কমিটিগুলিকে রাত ১০টা পর্য্যন্ত ৬৫ ডেসিবেল ভলিউমে মাইক বাজানোর অনুমতি দেওয়া হয়েছে ।

--------------------------------------------------------------------------------

শিলচর রাধামাধব কলেজের বাংলা বিভাগের সম্পাদনায় কৃষ্ণকলি দেওয়াল পত্রিকার উনিশতম সংখ্যা আজ প্রকাশিত হয়েছে । কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ডক্টর অরুন্ধতী দত্ত চৌধুরী আজ কৃষ্ণকলি পত্রিকার নতুন সংখ্যার উন্মোচন করেন । এছাড়া বরাক উপত্যকায় মনসা পূজার ঐতিহ্য ও লোকসংস্কৃতির উপাদান শীর্ষক বিষয়ের উপর ছাত্র-ছাত্রীদের নিয়ে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে ।

--------------------------------------------------------------------------------